

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন  
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭  
www.bpsc.gov.bd

প্রেস বিজ্ঞপ্তি

নং- ৮০.২০০.০৬৪.০০.০০.০১৯.২০১৬-২৩৫

তারিখ : ০১.০৮.২০১৭

বিষয় : নন-ক্যাডার পদে নিয়োগ (বিশেষ) বিধিমালা-২০১০ এবং সংশোধিত বিধিমালা-২০১৪ অনুযায়ী ৩৫তম বিসিএস-এ ক্যাডার পদে সুপারিশপ্রাপ্ত নন এমন প্রার্থীদের মধ্য হতে নন-ক্যাডার প্রথম শ্রেণির স্থগিতকৃত পদের সুপারিশের ফলাফল ঘোষণা প্রসঙ্গে।

৩৫তম বিসিএস-এর লিখিত ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ কিন্তু পদ স্বল্পতার কারণে ক্যাডার পদে সুপারিশপ্রাপ্ত নন এমন প্রার্থীদের নন-ক্যাডার প্রথম শ্রেণির পদে নিয়োগ প্রদানের বিষয়ে নন-ক্যাডার পদে নিয়োগ (বিশেষ) বিধিমালা-২০১০ এবং সংশোধিত বিধিমালা-২০১৪ এর বিধান অনুযায়ী ১৭.০৪.২০১৭ তারিখের ৮০.২০০.০৬৪.০০.০০.০১৯.২০১৬-৭৪নং স্মারকে ৩জন, ১৪.০৫.২০১৭ তারিখে ৮০.২০০.০৬৪. ০০.০০.০১৯.২০১৬-৯৫নং স্মারকে ১১ জন এবং ১৮.০৬.২০১৭ তারিখের ৮০.২০০.০৬৪.০০.০০.০১৯.২০১৬-২০৩নং স্মারকে ০১ জন মোট ১৫ জন প্রার্থীর ফলাফল/সুপারিশ তথ্য বিভাগ/প্রশাসনিক কারণে কমিশন কর্তৃক স্থগিত রাখা হয়েছিল। পরবর্তীতে উক্ত প্রার্থীদের বিষয়ে কমিশন কর্তৃক গঠিত কমিটির নিকট ১৩ (তের) জন প্রার্থী কর্তৃক দাখিলকৃত কাগজপত্র/সনদ/ডকুমেন্টস যথাযথ বিবেচিত হওয়ায় কমিশন উক্ত প্রার্থীদের স্থগিতকৃত ফলাফল ঘোষণার সিদ্ধান্ত গ্রহণ করে। নন-ক্যাডার বিধিমালা-২০১০ অনুসরণে সংশ্লিষ্ট পদের জন্য নির্ধারিত শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন নিম্নে বর্ণিত রেজিস্ট্রেশন নম্বরের প্রার্থীদের মেধা ও বিদ্যমান কোটা পদ্ধতি অনুসরণ করে নিয়োগের জন্য কমিশন সাময়িকভাবে (provisionally) সুপারিশ করেছে। কমিশন কর্তৃক সাময়িকভাবে সুপারিশকৃত ১৩ (তের) জন প্রার্থীর পদের নাম ও রেজিস্ট্রেশন নম্বর নিম্নে দেয়া হলো :

১. কৃষি মন্ত্রণালয়ের অধীন তুলা উন্নয়ন বোর্ড

পদের নাম : তুলা উন্নয়ন কর্মকর্তা

রেজিস্ট্রেশন নম্বর- 039322 = ০১ জন।

২. স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর

পদের নাম : সহকারী পরিচালক

রেজিস্ট্রেশন নম্বর- 014882 706025 402637 110264 060929 = ০৫ জন।

৩. প্রতিরক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন গুপ্তসংকেত পরিদপ্তর

পদের নাম : সাইফার অফিসার

রেজিস্ট্রেশন নম্বর- 052395 026460 = ০২ জন।

৩৩/৮/১৭

৪. জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর (জিএসবি)

পদের নাম : সহকারী পরিচালক (ভূ-তত্ত্ব)

রেজিস্ট্রেশন নম্বর- 051661 = ০১ জন।

৫. সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি (বিআরটিএ)

পদের নাম : সহকারী পরিচালক (সাধারণ)

রেজিস্ট্রেশন নম্বর- 313565 136128 110682 = ০৩ জন।

৬. পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়

পদের নাম : পরিসংখ্যান কর্মকর্তা

রেজিস্ট্রেশন নম্বর- 078164 = ০১ জন।


২. পরবর্তীতে যেকোনো সময় সাময়িকভাবে সুপারিশকৃত কোনো প্রার্থীর যোগ্যতার ঘাটতি ধরা পড়লে, দুর্নীতি, জালিয়াতির আশয় গ্রহণ করলে, অসত্য তথ্য প্রদান বা অন্য কোনো ক্ষেত্রে যেমন চাহিদাকৃত সনদ/প্রত্যয়ন/কাগজপত্রাদির ঘাটতি থাকলে বা কোনো গুরুতর (Substantive) ভুল-ত্রুটি পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট প্রার্থীর সুপারিশ বাতিল করে তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। তাছাড়া চাকরিতে নিয়োগের পর এরূপ কোনো অনিয়ম প্রকাশ বা প্রমাণিত হলে তাকে চাকরি হতে বরখাস্তকরণ ছাড়াও তার বিরুদ্ধে উপযুক্ত আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে।

৩. প্রার্থীগণ কর্তৃক আবেদনপত্রের সাথে প্রদত্ত তথ্য, ডকুমেন্টস, সনদ ইত্যাদি আবেদনপত্রে প্রদত্ত অংগীকারনামার ভিত্তিতে কমিশন সাময়িকভাবে প্রার্থীদের সুপারিশ করেছে যে, তাদের নিয়োগের পূর্বে নিয়োগকারী কর্তৃপক্ষ সরকারী সিদ্ধান্ত অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে শিক্ষাগত যোগ্যতার সনদ এবং অন্যান্য ডকুমেন্টস এর সত্যতা যাচাইপূর্বক নিশ্চিত হয়ে চূড়ান্ত নিয়োগ প্রদান করবে।


৪. সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত স্বাস্থ্য পরীক্ষায় যোগ্য ঘোষণা ও যথাযথ এজেন্সি কর্তৃক প্রাক-নিয়োগ জীবন বৃত্তান্ত যাচাইয়ের পর সরকার কর্তৃক প্রার্থীদের নিয়োগ দেয়া হবে।

৭. সুপারিশকৃত প্রার্থীদের আগামী ১০.০৮.২০১৭ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে নন-ক্যাডার পদের অনলাইন আবেদনপত্রের (applicant's copy) ২টি কপি সরকারী কর্ম কমিশনের আগারগাঁও শেরে বাংলা নগর ঢাকাস্থ প্রধান কার্যালয়ে জমা দিতে অনুরোধ করা হলো। নির্ধারিত তারিখের মধ্যে অনলাইন আবেদনপত্রের কপি জমা প্রদান না করলে সংশ্লিষ্ট প্রার্থীর সাময়িক সুপারিশ বাতিল হতে পারে।

৮. প্রেস বিজ্ঞপ্তিটি কমিশনের [www.bpsc.gov.bd](http://www.bpsc.gov.bd) ওয়েবসাইট-এ পাওয়া যাবে।

  
(আ.ই.ম নেছার উদ্দিন)  
পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার)

[পড়াশুনা ও জ্ঞানার্জনের মাধ্যমে ভালোভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন;  
চাকরির ক্ষেত্রে কোনোরূপ তদ্বির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে]





২/৩